# জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষ্যে উপজেলা কমিটির সভার কার্যবিবরনী:

**সভাপতি:** মো: রুহুল আমিন, উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাসন, ভোলা।

**সভার স্থান:** সভাকক্ষ, উপজেলা পরিষদ প্রশাসনিক ভবন, চরফ্যাসন, ভোলা।

**সভার তারিখ ও সময়:** ২৭/০৬/২০২১ খ্রি. এবং সময়: সকাল ১১.০০ টা

সভার উপস্থিতি **পরিশিষ্ট ক** তে দেখানো হলো

সভাপতি উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে আজকের সভার আলোচ্যসূচি তুলে ধরার অনুরোধ জানান। সদস্য সচিব জানান যে, প্রতি বছরের ন্যায় এ বছরও ১২-১৮ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ পালিত হবে । এ বছরের স্লোগান “বেশি বেশি মাছচাষ করি, বেকারত্ব দূর করি”। এরপর তিনি কেন্দ্র হতে একটি অনুমোদিত অনুষ্ঠানসূচির খসড়া উপস্থাপন করেন। উপস্থিত সদস্যবৃন্দ সভাপতির নিকট কোভিড ১৯ এর সম্প্রতি ব্যাপক বিস্তারের বিষয়ে দৃষ্টিপাত দেওয়ার জন্য বিনীত অনুরোধ করেন। উক্ত কর্মসূচি এর মাঝে অনেকগুলো যেমন মাছের পোনা অবমুক্তকরণ, ব্যাপক প্রচারণার সময় লোকসমাগম ইত্যাদি কর্মসূচিগুলোর বিষয়ে বিশেষ দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ করেন। পাশপাশি ১ জুলাই হতে অনিদৃষ্টকালের জন্য শাটডাউন কঠোরভাবে পালিত হবে সেক্ষেত্রে স্বাস্থ্যবিধি এবং অনুষ্ঠানের ব্যাপকতা বিষয়ে সাবধানতা অবলম্বনের জন্য সবাইকে অনুরোধ করেন এবং যদি শাটডাউন বন্ধ না করা হয় তবে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপনের বিকল্প কর্মপরিকল্পনা তৈরীর জন্য অদ্যকার সভার সভাপতির নিকট বিনীত অনুরোধ করেন। সদস্য সচিব সভায় জানান যে, অদ্যাবধি অনুষ্ঠান পরিবর্তনের বিষয়ে কেন্দ্র হতে কোন নোটিশ পাওয়া যায় নাই। সুতরাং সর্বোচ্চ স্বাস্থ্যবিধি মেনে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপনের প্রস্তুতি এবং প্রয়োজন জেলা কমিটির সাথে অধিকতর আলাপ আলোচনার মাধ্যমে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। বিস্তারিত আলোচনা এবং কিছু খসড়া এর সংশোধনকরণ পূর্বক নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| দিন ও তারিখ | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ম দিন<br>সোমবার<br>১২/০৭/২১ | ১। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষ্যে চরফ্যাসন উপজেলায় নিরাপদ দুরত্বে এবং প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে মাইকিং, ব্যানার ফেস্টুন সহযোগে প্রচার প্রচারণা<br>২। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে স্থানীয় রেডিও মেঘনা এর মাধ্যমে প্রচার ।<br>৩। সাংবাদিকদের সাথে ভারচুয়ালি মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। | প্রচার প্রচারণা: চরফ্যাসন উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান, সামরাজমাছঘট, বকশি মাছঘাট সহ গুরুত্বপূর্ণ আড়ৎ, বাজার ইত্যাদি<br>মতবিনিময়: ভারচুয়ালি | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চরফ্যাসন, এবং রেডিও মেঘনা চরফ্যাসন, এবং প্রেসক্লাব, চরফ্যাসন |

| | | | |
|---|---|---|---|
| ২য় দিন মঙ্গলবার ১৩/০৭/২১ | ১. প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন | ১. চরফ্যাসন উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চরফ্যাসন |
| ৩য় দিন বুধবার ১৪/০৭/২১ | ১। প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী/মৎস্যজীবিদের সাথে মতবিনিময়<br>২। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে স্থানীয় রেডিও মেঘনার আয়োজনে টকশো তে অংশগ্রহণ।<br>৩। অবৈধ জালের বিরুদ্ধে মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা। | ফিশারিজ ভিলেজ, চরকুকরিমুকরি ইউনিয়ন, কোষ্টট্রাস্ট অফিস, চরফ্যাসন, ভোলা , মেঘনা/তেতুলিয়া নদী | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চরফ্যাসন, ইকোফিস ২ প্রকল্প, এসডিএফ, বিভিন্ন স্থানীয় এনজিও এবং বিভিন্ন মৎস্যজীবি সংগঠন, থানা পুলিশ/কোষ্টগার্ড |
| ৪র্থ দিন বৃহস্পতিবার ১৫/০৭/২১ | ১। উপজেলার গুরুত্বপূর্ণ এলাকার মৎস্যচাষীদের মাছচাষ বিষয়ক নিবিড় পরামর্শ সেবা প্রদান, পুকুরের মাটি এবং পানি পরীক্ষা।<br>২। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চাষি/সুফলভোগীদের উদ্বুদ্ধকরণ সভা | বিভিন্ন ইউনিয়ন পরিষদ এবং প্রদর্শনীর স্থান। | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চরফ্যাসন এবং লিফগন |
| ৫ম দিন শুক্রবার ১৬/০৭/২১ | ১. উপজেলার গুরুত্বপূর্ণ এলাকার মৎস্যচাষীদের মাছচাষ বিষয়ক নিবিড় পরামর্শসেবা প্রদান, পুকুরের মাটি এবং পানি পরীক্ষা।<br>২। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন<br>৩। জাতীয় মৎস্য সপ্তাহ ২০২১ উদযাপন উপলক্ষ্যে উপজেলা পরিষদের নিজস্ব তহবিল হতে নিবন্ধিত ১০০ জন জেলের মাঝে ৩০ কেজি করে চাল বিতরণ | চরফ্যাসন উপজেলার হাজারীগঞ্জ ইউনিয়ন | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চরফ্যাসন |
| ৬ষ্ঠ দিন শনিবার ১৭/০৭/২১ | ১। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চাষি/সুফলভোগীদের মাঝে মৎস্যচাষের বিভিন্ন উপকরণ বিতরণ (চুন, সার, খৈল, বৈধ জাল, খাবার, এআইজি ইত্যাদি)<br>২। প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে চাষি/সুফলভোগীদের মৎস্যচাষ সংক্রান্ত প্রশিক্ষণ | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তরের বিভিন্ন চলমান প্রকল্প, স্থানীয় বিভিন্ন এনজিও, ইকোফিস ২ প্রকল্প। | সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চরফ্যাসন |
| ৭ম দিন | ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে জেলা পর্যায়ে | জেলা মৎস্য দপ্তর, | জেলা মৎস্য দপ্তর, |

| | | | |
|---|---|---|---|
| রবিবার<br>১৮/০৭/২১ | কর্মকর্তাগণের সাথে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের মত বিনিময় এবং মৎস্য সপ্তাহের সমাপ্তি ঘোষণা | ভোলা এর সুবিধাজনক স্থানে | ভোলা |

পাশপাশি স্থানীয় কোভিড পরিস্থিতি বিবেচনা করে নিরাপদ দুরত্বে থেকে জাতীয় মৎস্য সপ্তাহ শুরুর কমপক্ষে ০৭ দিন পূর্বে প্রচার প্রচারণা চালাতে হবে তবে কোন লোক সমাগম করা যাবে না। প্রয়োজনে অনলাইনে রেডিও বা স্থানীয় ডিশ চ্যানেলের মাধ্যমে প্রচার প্রচারণা চালাতে হবে। উপজেলা কমিটি উপরোক্ত কর্মসূচির বাইরেও স্থানীয় যে সমস্ত এনজিও মৎস্য সম্পদ সংক্রান্ত কর্মকান্ডে সংযুক্ত রয়েছেন তারা প্রয়োজনবোধে উপজেলা কমিটির কর্মসূচির সাথে সমন্বয়সাধন করে নিজেদেরে মতন করে আরো কর্মসূচি পালন করতে পারবেন তবে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি মেনে কর্মসূচি প্রণয়ন এবং পালন করতে হবে। পাশপাশি কোভিড পরিস্থিতির আরো অবনতি এবং শাটডাউন থাকলে তাৎক্ষণিক সিদ্ধান্ত নিয়ে কোন কর্মসূচি স্থগিত বা নতুন কোন কর্মসূচি গ্রহণ করা হবে। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

27.06.2021

মো: রুহুল আমিন
উপজেলা নির্বাহী অফিসার
চরফ্যাসন, ভোলা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়**
**চরফ্যাসন, ভোলা**

পত্র নং: ৩৩. ০২. ০৯২৫. ৫০১. ২৬. ০০১. ২১. ৩৪৭/১(৪)

তারিখ ১৩ আষাঢ় ১৪২৭ / ২৭ জুন, ২০২১ খ্রি.

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:
১। জেলা মৎস্য কর্মকর্তা, ভোলা।
২। উপজেলা . . . . . . . . . . . . . . . . . . . . . . ., চরফ্যাসন, ভোলা ।
৩।
৪। অফিস কপি/অমনিবাস

মারুফ হোসেন মিনার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
চরফ্যাসন, ভোলা
ইমেইল: sufocharfasson@fisheries.gov.bd
ফোন: ০৪৯২৩-৭৪০৯০
মোবাইল: ০১৭৬৯-৪৫৯৫৭৯